

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক - আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৮.০০৮.১৮/(৬০) (৬)

তারিখ: ২১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৯, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ “M.V. AKIJ MOON” (পূর্বতন নাম M.V. YASA GULTEN) (Bulk Carrier) শুক্রায়নের জন্য অনাপত্তি প্রদান।

- সূত্রঃ (১) মেসার্স আকিজ মেরিটাইম লিঃ এর পত্র নং- এএমএল/এমডি/১৯, তারিখ: ০৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১০/মুসক/২০১৯, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।
(৩) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজাপন এসআরও নং-৩১৯-আইন/২০১৯/৮১-মুসক, তারিখ: ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূচীয় (১) নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৯, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদানের অনুমোদনের জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। সূচোক্ত (১) নং পত্রের মাধ্যমে মেসার্স আকিজ মেরিটাইম লিঃ, আকিজ হাউস, ১৯৮ বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮ এর আবেদনের পরিপ্রেক্ষিতে সূচোক্ত (২) নং এ বর্ণিত আদেশে বিদ্যুত শর্তাবলীর দফা (৩) অনুযায়ী আমদানিত্বয় “M.V. AKIJ MOON” (পূর্বতন নাম M.V. YASA GULTEN) (Bulk Carrier) (IMO No-9300506) নামীয় জাহাজটির ধারণ ক্ষমতা DWT-55,953 মেট্রিক টন, LWT-8,604 (Light Ship Weight) মেট্রিক টন, তৈরীর দেশ- Mitsui Engineering & Ship Building Co. Ltd., Tamano Works, Japan. তৈরির সন: ২০০৫ উল্লেখপূর্বক উক্ত আদেশের শর্তাবলীর দফা (ক) হতে (গ) পর্যন্ত প্রতিপালন করবেন মর্মে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করেছেন। দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, আমদানীত্বয় জাহাজটি ২২ বছরের অধিক পুরাতন নয় এবং ৫০০০ DWT এর উর্কে যা আদেশের শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ।

০৩। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১০/মুসক/২০১৯, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর আওতায় মেসার্স আকিজ মেরিটাইম লিঃ কর্তৃক আমদানিত্বয় সমুদ্রগামী জাহাজ “M.V. AKIJ MOON” (পূর্বতন নাম M.V. YASA GULTEN) (Bulk Carrier) (IMO No-9300506) আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতির বিধান কার্যকর করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অনাপত্তি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

০৪.০২.২০২০
[হাতান মুহম্মদ তারেক রিকাবদার]
প্রথম সচিব (মুসক নীতি)
ফোনং ৮৩১৮১২০, এক্সং ২৩১

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স আকিজ মেরিটাইম লিঃ
আকিজ হাউস, ১৯৮ বীর উত্তম মীর শওকত আলী সড়ক,
তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/চাকা/আইসিডি/কমলাপুর/মৎলা/বেনাপোল/পানগাঁও (সেরেজিমিনে পরিদর্শনপূর্বক ধারণ ক্ষমতা সম্পর্কে নিশ্চিত হয়ে ছাড়করণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
সিলেক্স ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৮। মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৯। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১০। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২।